দৈনিক
ইত্তেফাক

তারিখ ..... 1 APR 2017 ..
পৃষ্ঠা ...৪... কলাম..৫.......

# গবেষণা কর্ম চুরির দায়ে ঢাবি শিক্ষকের পদাবনতি

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

গবেষণা কর্ম চুরির দায়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) এক সহযোগী অধ্যাপকের পদাবনতি হয়েছে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের দুই কর্মকর্তাকে সাময়িকভাবে বহিষ্কার করা হয়েছে। বৃহস্পতিবার রাতে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় এসব সিদ্ধান্ত নেয়া হয়। একাধিক সিন্ডিকেট সদস্য এ তথ্য নিশ্চিত করেছেন। পদাবনতি পাওয়া শিক্ষক হলেন বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগের সহযোগী অধ্যাপক ড. আ জ ম কুতুবুল ইসলাম নোমানী। তাকে সহযোগী অধ্যাপক পদ থেকে সহকারী অধ্যাপক করা হয়েছে। সাময়িকভাবে বহিষ্কৃত দুই কর্মকর্তা হলেন- শারীরিক শিক্ষা কেন্দ্রের পরিচালক শওকতুর রহমান ও সহকারী পরিচালক আবু ফয়সাল আহমেদ। তাদেরকে ঢাবির অধিভুক্ত সাতটি কলেজের শিক্ষার্থীদের খেলায় অংশগ্রহণ নিয়ে ভুল তথ্য সংবাদমাধ্যমে দেওয়ার অভিযোগে বহিষ্কার করা হয়েছে বলে সিন্ডিকেট সদস্যরা জানান।

শারীরিক শিক্ষা কেন্দ্রের পরিচালককে বহিষ্কারের বিষয়ে একজন সিন্ডিকেট সদস্য বলেন, শওকতুর রহমান ঢাবির নতুন অধিভুক্ত সাতটি কলেজ নিয়ে মিডিয়াতে একটা মন্তব্য করেন। বস্তুতপক্ষে বিশ্ববিদ্যালয়ের মর্যাদার সঙ্গে সংশ্লিষ্ট এমন কোনো কিছু নিয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অনুমতি ব্যতিরেকে কেউ মন্তব্য করতে পারে না। তার মন্তব্য উপাচার্যে ভাবমূর্তিকে ক্ষুণ্ন করে। এজন্য সিন্ডিকেট সভায় তাকে সাময়িক বহিষ্কার করা হয়েছে।

উল্লেখ্য, শওকতুর রহমান একটা অনলাইন নিউজ পোর্টালে 'অধিভুক্ত কলেজের শিক্ষার্থীরাও ঢাকা বিশ্ববিদ্যালয়ের হয়ে খেলায় অংশ নিতে পারবেন' বলে মন্তব্য করেন। এই সংবাদে বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা ১১ মার্চ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রের (টিএসসি) মোড় অবরোধ করে। এসময় তারা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের একটি গাড়িও ভাংচুর করে। এই ঘটনা পরবর্তীতে বিশৃঙ্খলার সৃষ্টি করে।